গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.most.gov.bd

নং-৩৯.০১২.০২২.০১.০০.০০১.২০১০- তারিখঃ ১২-০৫-২০১৩

বিষয়ঃ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (National Sceince and Technology-NST) ফেলোশিপ নীতিমালা-২০১৩

১.০. ফেলোশিপের নামঃ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ।

২.০. ফেলোশিপের উদ্দেশ্যাবলীঃ

২.১. ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উচ্চ শিক্ষায় এবং গবেষণায় উৎসাহ প্রদান ;

২.২. যথাযথ বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞানসম্পন্ন স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রী /গবেষকদের জন্য গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা ;

২.৩. যথাযথ বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞান সম্পন্ন উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞ জনসমষ্টি তৈরী করা ;

২.৪. বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের গবেষণায় উৎসাহিত করা ;

২.৫. দক্ষ মানবসম্পদ তৈরী ও পেশাগত উৎকর্ষ সাধনে উৎসাহ প্রদান করা ;

২.৬. স্থানীয় ও লাগসই প্রযুক্তির উদ্ভাবন, উন্নয়ন ও বিকাশ সাধনে উৎসাহ প্রদান করা ; এবং

২.৭. বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণালব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে ব্যবহারে উদ্বুদ্ধ করা।

৩.০. ফেলোশিপ কর্মসুচীর ব্যবস্থাপনা ঃ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST)ফেলোশিপ কর্মসুচীর প্রশাসনিক নিয়ন্ত্রণভার বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপর ন্যস্ত থাকবে। এ মন্ত্রণালয় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ এর পরামর্শক্রমে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। ফেলোশিপ প্রদান ও আর্থিক বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে এবং ফেলোগণের শিক্ষা/গবেষণার বিষয় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান /গবেষণা সংস্থার তত্ত্বাবধানে থাকবে। ফেলোশিপ প্রাপ্ত ছাত্র-ছাত্রী /গবেষক সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কের মাধ্যমে প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণার অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। প্রেরিত প্রতিবেদন এবং গবেষণা প্রবন্ধ ও সেমিনারের ভিত্তিতে মন্ত্রণালয় একটি বিশেষজ্ঞ কমিটির পরামর্শক্রমে ফেলোশিপের নবায়ন অথবা অবসায়নের সিদ্ধান্ত গ্রহণ করবেন। গবেষণায় আশানুরূপ অগ্রগতি না হলে অথবা অসদাচরণের অভিযোগে সরকার যে কোন সময় ফেলোশিপ বাতিল করতে পারবে। তাছাড়া ফেলোদের গবেষণা কার্যক্রমের অগ্রগতি ও লব্ধ জ্ঞান ইত্যাদি বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বছরে এক বা একাধিকবার সেমিনার/কর্মশালা /মূল্যায়ন সভা অনুষ্ঠান করতে পারবে এবং এতে গবেষণা সমাপ্ত করেছেন এরূপ ফেলোগণ অংশগ্রহণ করবেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় একটি বার্ষিক কর্মসূচী প্রণয়নের মাধ্যমে ফেলোশিপ কার্যক্রম বাস্তবায়ন করবে।

৪. ফেলোশিপ কর্মসূচীতে গবেষণার বিষয়সমুহঃ

বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট নিম্নলিখিত ক্ষেত্রসমূহে অগ্রাধিকার ভিত্তিতে ফেলোশিপ দেয়া হবেঃ

৪.১. ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ন্যানোটেকনোলজী ও লাগসই প্রযুক্তি বিষয়সমূহ;

৪.২. জীব বিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞান;

৪.৩. খাদ্য ও কৃষি বিজ্ঞান;

উল্লেখিত ক্ষেত্রসমুহে জাতীয় প্রয়োজন ও উৎপাদনমুখী ফলিত গবেষণার উপর অগ্রাধিকার প্রদান করা হবে। বিভিন্ন সংস্থা জাতীয় চাহিদার প্রতি লক্ষ্য রেখে অগ্রাধিকার ভিত্তিতে গবেষণার ক্ষেত্র নির্ধারণ করবেন এবং সেসব ক্ষেত্রে ফেলোশিপ গ্রহণের জন্য প্রার্থীকে উৎসাহিত করবেন। ফেলোশিপ প্রদানের জন্য গবেষণার ক্ষেত্রসমূহ বৃদ্ধি এবং প্রতিটি ক্ষেত্রে ফেলোশিপের অর্থ যৌক্তিকভাবে বন্টন করতে হবে ।

৫.০. ফেলোশিপের শ্রেণী ও মাসিক ভাতার হারঃ

৫.১. লাগসই প্রযুক্তি ফেলোশিপ, মাসিক-৪,৫০০/-টাকা

৫.২. সাধারণ ফেলোশিপ-১ (এম,এস) ঃ মাসিক ৪,৫০০/- টাকা ।

৫.৩. সাধারণ ফেলোশিপ-২ (এম,ফিল) ঃ

৫.৩.১. ১ম বছর মাসিক ৫,৭০০/- টাকা ।

৫.৩.২. ২য় বছর মাসিক- ৮,২৫০/- টাকা ।

৫.৪. উর্ধ্বতন ফেলোশিপ (পিএইচডি)ঃ

৫.৪.১. ১ম বছর মাসিক -২৫,০০০/- টাকা ।

৫.৪.২. ২য় বছর মাসিক- ২৫,০০০/- টাকা ।

৫.৪.৩. ৩য় বছর মাসিক- ২৫,০০০/- টাকা ।

৫.৫. পোষ্ট ডক্টোরাল ফেলোশিপঃ মাসিক- ৩০,০০০/-টাকা ।

৬.০. ছাত্র-ছাত্রী/গবেষকদের ফেলোশিপের জন্য সাধারণ এবং শিক্ষাগত যোগ্যতা ও শর্তাবলীঃ

অন্য কোন সরকারী /স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ / অনুদান গ্রহণ করেন না এরূপ বাংলাদেশের নাগরিক সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুচ্ছেদ-৪.০ এ উল্লেখিত কোন বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে সার্বক্ষণিকভাবে অধ্যয়নরত/গবেষণারত থাকলে সংশ্লিষ্ট ক্যাটাগরীর সাধারণ ও শিক্ষাগত যোগ্যতা সাপেক্ষে তিনি বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপের জন্য আবেদন করার যোগ্য বিবেচিত হবেন ।

৬.১. লাগসই প্রযুক্তি ফেলোশিপঃ

বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে/ গবেষণা প্রতিষ্ঠান/সরকার কর্তৃক অনুমোদিত কোন ইনষ্টিটিউট এর অধীনে লাগসই প্রযুক্তি বিষয়ে সার্বক্ষণিকভাবে গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষককে এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে । লাগসই প্রযুক্তি ফেলোশিপের জন্য কোন বিশ্ববিদ্যালয়/কলেজ হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী অথবা

-১৭০-

রকার কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক ইনষ্টিটিউট থেকে প্রশিক্ষণপ্রাপ্ত অথবা টেকনিক্যাল ইনষ্টিটিউট থেকে ডিপ্লোমাপ্রাপ্ত অথবা লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নে বিশেষ স্বোপার্জিত কারিগরী জ্ঞান সম্পন্ন হতে হবে।

বয়সঃ অনুর্ধ্ব ৩০ বছর ।

৬.২. সাধারণ ফেলোশিপ-১ (এম,এস)ঃ

বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান, প্রকৌশল, কৃষি, চিকিৎসা বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর শ্রেণীতে (গবেষণা/থিসিস গ্রুপে) অধ্যয়নরত /গবেষণারত ছাত্র-ছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে । সাধারণ ফেলোশিপ-১ এর জন্য এস,এস,সি ও এইচ,এস,সি উভয় পরীক্ষায় GPA -৪.৫ / প্রথম বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পর্যায়ে-CGPA ৩.২ (স্কেল ৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA-৪.০ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণী/ সমমান হতে হবে । তবে শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৬-২০০৯ তারিখের নং-শিম/শা-১১/৫-২(অংশ)/৫৮২ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস,এস,সি বা সমমান এবং ২০০৩ সনের এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে GPA -৪.০ বা তদুর্ধকে বিবেচনা করা হবে ।

বয়সঃ অনুর্ধ্ব ৩০ বছর ।

৬.৩. সাধারণ ফেলোশিপ-২ (এম,ফিল) ঃ

বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান, প্রকৌশল, কৃষি, চিকিৎসা বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে এম,ফিল সমমান শ্রেণীতে (গবেষণা/থিসিস গ্রুপে) অধ্যয়নরত /গবেষণারত ছাত্র-ছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে । সার্বক্ষণিক সাধারণ ফেলোশিপ-২ এর জন্য এস,এস,সি ও এইচ,এস,সি উভয় পরীক্ষায় GPA -৪.৫ / প্রথম বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে-CGPA ৩.২ (স্কেল ৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA-৪.০ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণী/ সমমান হতে হবে।

বয়সঃ অনুর্ধ্ব ৩৫ বছর ।

৬.৪. **উর্ধ্বতন** ফেলোশিপ (পিএইচডি) ঃ

বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিকভাবে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডিতে অধ্যয়নরত/ গবেষণারত ছাত্র-ছাত্রীগণ এ ফেলোশিপের জন্য যোগ্য বিবেচিত হবে। ফেলোশিপের জন্য এস,এস,সি ও এইচ,এস,সি উভায় পরীক্ষায় GPA -৪.৫ / প্রথম বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে-CGPA ৩.২ (স্কেল ৪.০ এর ক্ষেত্রে) এবং CGPA-৪.০ (স্কেল-৫ এর ক্ষেত্রে) অথবা প্রথম শ্রেণী/ সমমান হতে হবে।

বয়সঃ অনুর্ধ্ব ৪৫ বছর ।